

# আজ প্রাথমিক শিক্ষক নিয়োগের ফল প্রকাশ হচ্ছে না

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত 'সহকারী শিক্ষক নিয়োগ-২০১৪' পরীক্ষার ফল আজ বৃহস্পতিবার (৬ সেপ্টেম্বর) প্রকাশ হচ্ছে না। আগামী সপ্তাহে এ নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ করা হবে বলে জানিয়েছে প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক সূত্র বৃহস্পতিবার (৫ সেপ্টেম্বর) সন্ধ্যায় জানিয়েছেন।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত 'সহকারী শিক্ষক নিয়োগ-২০১৪' পরীক্ষার ফল প্রকাশ হওয়ার কথা ছিলো আজ ৬ সেপ্টেম্বর। কিন্তু আজ প্রকাশিত হয়নি এ নিয়োগ পরীক্ষার ফলা। আগামী ১০ সেপ্টেম্বর এ ফল প্রকাশিত হবে বলে মন্ত্রণালয়ের কয়েকটি সূত্র জানালেও এ তথ্য নিশ্চিত করেননি কেউই।

রাজস্ব খাতভুক্ত 'সহকারী শিক্ষক নিয়োগ-২০১৪' দীর্ঘদিন স্থগিত থাকার পর চলতি বছর ২০ এপ্রিল লিখিত পরীক্ষা শুরু হয়। চারটি ধাপে সারা দেশে ৬১টি জেলায় শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোট ১৩ লাখ প্রার্থী আবেদন করলেও তার মধ্যে প্রায় সাড়ে ৭ লাখ প্রার্থী লিখিত পরীক্ষায় অংশ নেয়। তার মধ্যে ২৯ হাজার ৫৫৫ জন উত্তীর্ণ হন। নিয়োগ বিধিমালা অনুযায়ী আসন প্রতি তিনজন প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হন। তার মধ্যে দুইজন নারী ও একজন পুরুষ প্রার্থীকে নির্বাচন করা হয়। গত ৮ জুলাই লিখিত পরীক্ষার ফল প্রকাশ হয়। পরবর্তীতে গত ২৯ জুলাই থেকে ১৫ আগস্ট পর্যন্ত মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।